দৈনিক ইত্তেফাক

তারিখ ... 16 NOV 2017

পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৫

# চাকরি জাতীয়করণের দাবিতে শিক্ষকদের আল্টিমেটাম

■ ইত্তেফাক রিপোর্ট

আগামী ৩১ ডিসেম্বরের মধ্যে চাকরি জাতীয়করণের ঘোষণা না এলে ১ জানুয়ারি থেকে শিক্ষাপ্রতিষ্ঠানে অবিরাম ধর্মঘট পালন করা হবে বলে জানিয়েছেন বেসরকারি মাধ্যমিক স্কুলের শিক্ষকরা। তারা জানিয়েছেন একই সঙ্গে কালোব্যাজ ধারণ করে শিক্ষা প্রতিষ্ঠানে অবস্থান এবং পাঠদান কার্যক্রম বন্ধ থাকবে। ২০১৮ সালের এসএসসি পরীক্ষায় দায়িত্ব পালন থেকেও বিরত থাকবেন শিক্ষকরা। গতকাল জাতীয় প্রেসক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়। বাংলাদেশ শিক্ষক সমিতি এ সম্মেলনের আয়োজন করে।

শিক্ষক নেতারা বলেন, একটি জাতির উন্নয়নের একমাত্র উপায় হলো শিক্ষা। শিক্ষা জাতির মেরুদণ্ড আর শিক্ষকরা জাতি গড়ার কারিগর বলা হলেও আমাদের সমাজ ব্যবস্থায় তারা আজ অবহেলিত ও বঞ্চিত। তাই আমাদের চাকরি অবিলম্বে জাতীয়করণ করতে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করছি। সংবাদ সম্মেলনে বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি নজরুল ইসলাম রনি, বাংলাদেশ শিক্ষক ইউনিয়নের সভাপতি আবুল বাশার হাওলাদার, শিক্ষক নেতা রিয়াজ উদ্দীন, গোলাম মোস্তফা ও মিজানুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।